# রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
## প্রাক-নির্বাচনি পরীক্ষা- ২০২৪
## শ্রেণি-দশম
## বিষয়-ফিন্যান্স ও ব্যাংকিং

### অধ্যায়-চতুর্থ (অর্থের সময়মূল্য)

১। মাহফুজ ও মঈন দুই ভাই এবং দুজনেই ক্ষুদ্র ব্যবসায়ী। ব্যবসায় সম্প্রসারণ করতে গিয়ে মঈন আর্থিক সংকটের সম্মুখীন হোন। মঈন তার আর্থিক সংকটের কথা মাহফুজকে জানালে সে তাকে ৫০,০০০ টাকা ঋণ দেয়। মঈন তার ভাইকে ২ বছর পর ঋণের টাকা পরিশোধ করবে বলে জানায়। বর্তমান বাজারে সুদের হার ১৩%।

ক.বাট্টার হার কম হলে বর্তমান মূল্য কী হবে?

খ.অর্থের সময়মূল্য জানতে হবে কেন? ব্যাখ্যা কর।

গ.উদ্দীপকের আলোকে ২ বছর পরের ৫০,০০০ টাকার বর্তমান মূল্য নির্ণয় কর।

ঘ.মঈন যদি তার ভাই মাহফুজকে ৫ বছর পরে তার ঋণের টাকা ফেরত দেয় তাহলে উক্ত অর্থের বর্তমান মূল্যের ক্ষেত্রে কোনো তারতম্য হবে কি? উত্তরের পক্ষে যুক্তি দাও।

২। হাবিব ১২.৫% হারে বার্ষিক চক্রবৃদ্ধিতে একটি আর্থিক প্রতিষ্ঠানে ৫,০০,০০০ টাকা ৫ বছরেরজন্য জমা রাখে।

ক. বর্তমানমূল্য নির্ণয়ের সূত্রটিলিখ।

খ. অর্থেরসময়মূল্য জানা দরকার কেন?

গ. উদ্দীপকের হাবীব মেয়াদ শেষে কত টাকা পাবেন তা নির্ণয় কর।

ঘ. উদ্দীপকের হাবীব যদি মাসিকচক্রবৃদ্ধিতে টাকা জমা রাখত তবে আরও বেশি লাভবান হতো-গাণিতিক যুক্তি সহকারে বিশ্লেষণ কর।

৩। জনাব ফরহাদ সাহেব তার সঞ্চিত ১০ লক্ষ টাকা ১০% সুদে ১০ বছরের জন্য পদ্মা ব্যাংকে জমা রাখতে চাইল। কিন্তু তার স্ত্রী সালমা তাকে ব্যাংকে জমা না রেখে নিজ পৌরসভায় জমি কেনার পরামর্শ দেন, যেখানে ৮ বছরে জমির মূল্য দ্বিগুণ হওয়ায় এবং উক্ত সময়ের মধ্যে জমি থেকে অতিরিক্ত ২ লক্ষ টাকা আয়ের নিশ্চয়তা আছে। বিষয়টি নিয়ে জনাব ফরহাদ সাহেব সিদ্ধান্তহীনতায় ভুগছে।

ক.বাট্টাকরণ প্রক্রিয়ায় অর্থের কোন মূল্যকে ভাগ করা হয়?

খ.অর্থের বর্তমান ও ভবিষ্যৎ মূল্যের পার্থক্যকারী উপাদানটি ব্যাখ্যা কর।

গ.পদ্মা ব্যাংকের শর্তানুযায়ী জনাব ফরহাদের অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর।

ঘ.বিনিয়োগের জন্য জনাব ফরহাদের কোন ক্ষেত্রটি বাছাই করা উচিত বলে মনে কর? উত্তরের পক্ষে যুক্তি দাও।

৪।জনাব হাসান তার জমি ৫,০০,০০০ টাকায় বিক্রি করে ন্যাশনাল ব্যাংকে ৭ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। এক্ষেত্রে ব্যাংক তাকে ১৪% হারে সুদ প্রদান করবে। ব্যাপারটি তিনি তার বড় ভাই জনাব রায়হানকে জানালে তিনি জনাব হাসানকে জমি বিক্রি করতে নিষেধ করেন। কারণ ৭ বছর পরে জমিটি আড়াই গুণ দামে বিক্রি করা যাবে।

ক. অর্থায়ন সিদ্ধান্তের সাথে কোন ধারণাটি জড়িত?

খ.এক বছর পরের ১০০ টাকার চেয়ে বর্তমান ১০০ টাকার মূল্য অধিক কেন?

গ.জনাব হাসান জমি বিক্রয়ের অর্থ ন্যাশনাল ব্যাংকে জমা রাখলে ৭ বছর পর কত টাকা পাবেন?

ঘ. জনাব হাসানের জন্য জমি বিক্রয়ের সিদ্ধান্তটি পরিবর্তন করা কতটা যুক্তিসংগত হবে বলে মনে কর।

### অধ্যায়-৫ম (ঝুঁকি ও অনিশ্চয়তা)

১। জনাব মাহমুদ সোনালী ব্যাংকের একজন উর্ধ্বতন কর্মকর্তা ছিলেন। সম্প্রতি তিনি অবসর গ্রহণ করেছেন। পেনশন বাবদ তিনি ব্যাংক হতে একটা বিশাল অঙ্কের টাকা পেয়েছেন। উক্ত টাকা দ্বারা তিনি একটি ব্যবসা প্রতিষ্ঠান চালু করতে চেয়েছিলেন। কিন্তু তার স্ত্রী তাকে উক্ত অর্থ কোনো একটি ঝুঁকিমুক্ত প্রকল্পে বিনিয়োগ করতে বলেন। কারণ এক্ষেত্রে আয় কিছুটা কম হলেও তিনি দুশ্চিন্তামুক্ত থাকবেন।

ক. আদর্শ বিচ্যুতির বড় মান কী নির্দেশ করে?

খ.পণ্যের বাজার চাহিদা আবশ্যক কেন?

গ.কান ধরনের প্রকল্পে বিনিয়োগ করলে জনাব মাহমুদের আয় ঝুঁকিমুক্ত থাকবে? বর্ণনা কর।

ঘ.দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব মাহমুদের মতো পেনশনভোগীদের ভূমিকা মূল্যায়ন কর।

২। ২০১১ সালের জানুয়ারি মাসে বিকাশ চন্দ্র 'স্বপ্নপূরণ' নামে একটি ডিপার্টমেন্টাল স্টোর চালু করেন। তিনি আশা করেছিলেন ডিপার্টমেন্টাল স্টোরের বিক্রয় খুব ভালো হবে এবং তিনি তার বিনিয়োগকৃত অর্থ হতে প্রতি বছর ২০% আয় উপার্জনে সক্ষম হবেন। কিন্তু বিভিন্ন রকম বাধা-বিপত্তির কারণে ডিপার্টমেন্টাল স্টোরের বিক্রয় প্রতি বছর ওঠানামা করে এবং তিনি তার প্রত্যাশিত আয় অর্জনে ব্যর্থ হন। নিচে 'স্বপ্নপূরণ ডিপার্টমেন্টাল স্টোরের' বিগত বছরের আয়ের হার দেয়া হলো :

| বছর | আয় (%) |
|---|---|
| ২০১১ | ১৮ |
| ২০১২ | ২৪ |
| ২০১৩ | ২২ |
| ২০১৪ | ১৭ |
| ২০১৫ | ১৪ |

ক. খারাপ কোনো ঘটনা ঘটার আশঙ্কাকে কী বলে?
খ. ঝুঁকিবহুল আয় বলতে কী বোঝ?
গ. বিকাশ চন্দ্রের আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর।
ঘ. প্রত্যাশিত আয় অর্জিত না হওয়ায় বিকাশ চন্দ্র কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারেন বলে তুমি মনে কর?

৩। জনাব মঞ্জু একজন বিনিয়োগকারী। বিগত ৮ বছরে তার বিনিয়োগ থেকে প্রাপ্ত আয়ের হার যথাক্রমে ১৫%, ২০%, ১০%, ২৫%, ৩০%, ৫%, ১২% ও ২২%।

ক. ঝুঁকি কী?
খ. সুদের হারের ঝুঁকি ব্যাখ্যা কর।
গ. জনাব মঞ্জুর ব্যবসায়ের মুনাফার আদর্শ বিচ্যুতি নির্ণয় কর।
ঘ. উদ্দীপকে আদর্শ বিচ্যুতির ফলাফল পর্যালোচনা কর।

৪। জনাব আকবর গাজীপুরে একটি চামড়ার ব্যবসায় আরম্ভ করেন। নদীপথে মালামাল আনা-নেওয়ার সুবিধার্থে তিনি নদীর আশেপাশেই কারখানাটি স্থাপন করেন। ২০১৩ সালে তিনি ব্যবসায়টি শুরু করেন। গত তিন বছরে তার ব্যবসায়ের আয়ের হার যথাক্রমে ২০, ১০ ও ৩০ ভাগ।

ক. ঝুঁকিবহুল আয় কী?
খ. তারল্য ঝুঁকি সৃষ্টি হয় কেন? ব্যাখ্যা কর।
গ. জনাব আকবর আদর্শ বিচ্যুতি কীভাবে নির্ণয় করবেন।
ঘ. প্রকল্পটি কি জনাব আকবরের জন্য গ্রহণ করা যুক্তিসংগত হয়েছিল? তোমার মতামত ব্যক্ত কর।

## অধ্যায়-৬ষ্ঠ (মূলধনী আয়-ব্যয় প্রাক্কলন)

১।আমিন ট্রেডার্স-৪,০০,০০০ টাকা দীর্ঘমেয়াদি প্রকল্পের বিনিয়োগ করার কথা ভাবছেন। এমতাবস্থায় তিনি 'শৈলী' ও 'শোভা' নামক দুটি প্রকল্পের পাঁচ বছরের আয়-ব্যয় প্রাক্কলন করে নিচের তথ্যাদি পানঃ–

| প্রকল্প | নগদ প্রবাহ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ |
| শৈলী | ১,৫৫,০০০ | ১,৭০,০০০ | ১,০০,০০০ | ১,৫০,০০০ | ১,৬৫,০০০ |
| শোভা | ১,৩৫,০০০ | ২,০০,০০০ | ১,৩০,০০০ | ১,৫০,০০০ | ১,২০,০০০ |

ক. কী থেকে প্রতিষ্ঠানে নগদ আন্তঃপ্রবাহ ঘটে?
খ. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কী? ব্যাখ্যা কর।
গ. আমিন ট্রেডার্স-এর 'শৈলী' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর।
ঘ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য 'আমিন ট্রেডার্স'-এর কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? যুক্তি দাও।

২। একরামুল হক একটি প্রকল্পে ১,০০,০০০ টাকা বিনিয়োগের চিন্তা করছেন। যা থেকে আগামী ৫ বছরে তার আয় হবে যথাক্রমে ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ২৭,০০০ টাকা, ৩৫,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। কিন্তু মূলধন বাজেটিংয়ের পে-ব্যাক সময় প্রক্রিয়া ব্যবহার করেও তিনি সিদ্ধান্তহীনতায় ভুগছেন।
ক. নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়?
খ. পণ্যের বৈচিত্র্য আনয়ন ব্যাখ্যা কর।
গ. একরামুল হক এর বিনিয়োগের পে-ব্যাক সময় বের কর।
ঘ. একরামুল সাহেবের সিদ্ধান্তহীনতায় ভোগার কারণ মূল্যায়ন কর।

৩। সতেজ বাজার ঢাকার ধানমন্ডি এলাকার একটি জনপ্রিয় ডিপার্টমেন্টাল স্টোর। এখানে উন্নতমানের এবং রুচিসম্মত পণ্যদ্রব্য সুলভমূল্যে পাওয়া যায় বলে দিন দিন তার গ্রাহক সংখ্যা বাড়ছে। তাই গ্রাহকদের চাহিদা পূরণের লক্ষ্যে সতেজ বাজার ঢাকার মৌচাক এলাকায় একটি শাখা খোলার সিদ্ধান্ত নিয়েছে। নতুন শাখাটি চালু করতে সতেজ বাজার ১০,০০,০০০ টাকা ব্যয় করবে এবং আশা করছে প্রকল্পটি থেকে প্রথম তিন বছরে যথাক্রমে ৩,০০,০০০, ৫,০০,০০০ ও ৪,০০,০০০ টাকা আয় হবে। অন্যান্য চলতি খরচ প্রতি বছর আয়ের ৪০% এবং কর ৩০% অনুমান করা হয়েছে।
ক. বিক্রয় থেকে প্রতিষ্ঠানে কোন প্রবাহ ঘটে?
খ. গড় মুনাফা হার থেকে পে-ব্যাক সময় পদ্ধতি আলাদা কেন?

গ. সতেজ বাজার এর গড় মুনাফার হার নির্ণয় কর।
ঘ.দীর্ঘমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে সতেজ বাজার কীভাবে লাভবান হতে পারে বলে তুমি মনে কর?

৪। জেল কলম উৎপাদনকারী প্রতিষ্ঠান জননী লি.-এর হাতে দুটি প্রকল্প 'নীল' ও 'আকাশ' রয়েছে। যে কোনো একটি প্রস্তাব গ্রহণ করতে হবে। আয়-ব্যয় প্রাক্কলন করে দেখা যায়, ৫ বছর মেয়াদি এ প্রকল্পদ্বয়ের প্রাথমিক বিনিয়োগ যথাক্রমে ২০,০০,০০০ এবং ৩০,০০,০০০ টাকা। প্রতি বছর শেষে প্রকল্পদ্বয় থেকে নগদ প্রবাহ হবে নিম্নরূপ :

| বছর/প্রকল্প | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
|---|---|---|---|---|---|
| নীল | ১০,০০,০০০ | ১২,০০,০০০ | ১৪,০০,০০০ | ১৫,০০,০০০ | ১৪,০০,০০০ |
| আকাশ | ১২,০০,০০০ | ১৪,০০,০০০ | ১৬,০০,০০০ | ১৮,০০,০০০ | ১৬,০০,০০০ |

ক. মূলধন বাজেটিংয়ের অনুমান কিসের ওপর নির্ভরশীল?
খ. মুনাফা অর্জনে মূলধন বাজেটিংয়ের ভূমিকা কী? ব্যাখ্যা কর।
গ. জননী লি. এর প্রকল্প 'নীলের' পে-ব্যাক সময় নির্ণয় কর।
ঘ.জননী লি.-এর দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি বেছে নেওয়া উচিত বলে তুমি মনে কর।

## অধ্যায়-৭ম (মূলধন ব্যয়)

১। জেনেটিক কোম্পানি বর্তমান বছরের শেষে ১২ টাকা হারে লভ্যাংশ দেবে বলে সিদ্ধান্ত নেয় এবং আগামী বছরগুলোতে এই লভ্যাংশ ১০% হারে বৃদ্ধি পাবে বলে কোম্পানিটি প্রত্যাশা করে। উল্লেখ যে, কোম্পানির শেয়ারের বর্তমান বাজারমূল্য ১২৫ টাকা।
ক. করযোগ্য মুনাফা কীভাবে নির্ধারণ করা হয়? ১
খ. 'মূলধন ব্যয় নির্ণয় বিনিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত' –ব্যাখ্যা কর। ২
গ. জেনেটিক কোম্পানিটির মূলধন ব্যয় নির্ণয় কর। ৩
ঘ.জেনেটিক কোম্পানি ১৫ টাকা হারে লভ্যাংশ দিলে শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে তাদের মূলধন ব্যয়ে কী কোনো পরিবর্তন হবে? যুক্তি দাও।

২। সায়েম সাহেব একটি চা প্রকল্পে ৫ লাখ টাকা বিনিয়োগ করতে চান। উক্ত অর্থ সংগ্রহের জন্য তিনি যমুনা ব্যাংকে ৫ বছরের জন্য ৫ লাখ টাকা ঋণ চেয়ে আবেদন পত্র জমা দেন। ব্যাংকের ম্যানেজার তাকে বার্ষিক ১৫% সুদের বিনিময়ে উক্ত ঋণ প্রদান করতে রাজি হন। সায়েম সাহেব তার পূর্ববর্তী অভিজ্ঞতার আলোকে দেখলেন যে চা প্রকল্পটি থেকে তিনি বার্ষিক ২০% হারে আয় উপার্জন করতে পারবেন।
ক. মোট মূলধন কী?
খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি বলতে কী বোঝ?
গ. সায়েম সাহেবের চা প্রকল্পে বিনিয়োগের মূলধন খরচ কত?
ঘ. প্রথম বছর শেষে সায়েম সাহেবের আয় যদি ১৩% নেমে আসে তবে তার গৃহীত ঋণের যথার্থতা বিশ্লেষণ কর।

৩। অজয় সেন তার এলাকায় একটি কফি শপ চালু করেছেন। এজন্য তাকে ন্যাশনাল ব্যাংক থেকে ৫ লাখ টাকা ঋণ নিতে হয়েছে যার ওপর তাকে ১৩% হারে সুদ প্রদান করতে হয়। বছর শেষে উক্ত দোকান থেকে অজয় সেন ২০% হারে আয় করেন। তার এ আয়ের জন্য তাকে ১৫% হারে কর প্রদান করতে হবে।
ক. প্রতিষ্ঠানের ঋণ মূলধন সরবরাহকারীরা কী পায়?
খ. অগ্রাধিকার শেয়ারের ব্যয় বলতে কী বোঝায়?
গ. অজয় সেনের কর সমন্বয়কৃত ঋণ মূলধন খরচ নির্ণয় কর।
ঘ. অজয় সেনের করের হার বেড়ে যদি ১৫% থেকে ১৬% হয় তবে মূলধন খরচের ওপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর।

৪। রেইনবো কোম্পানির নতুন প্রস্তুতকৃত রেইন কোর্টের বাজার চাহিদা বেড়ে যাওয়ায় কোম্পানি তার উৎপাদন ইউনিট সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করে। কোম্পানি তার প্রয়োজনীয় তহবিল সংগ্রহ করতে শেয়ার বাজারে ১০০ টাকা অভিহিত মূল্যের ১০ হাজার অগ্রাধিকার শেয়ার ছাড়বে। কোম্পানি তার পূর্ব আর্থিক তথ্যাবলি ও বাজার পরিস্থিতি বিশ্লেষণ করে বুঝতে পেরেছে উক্ত তহবিলের জন্য তাকে ১৫% হারে লভ্যাংশ প্রদান করতে হবে। কোম্পানি তার প্রতিটি শেয়ারের বাজারমূল্য ৮৫ টাকা করে প্রত্যাশা করছে। করের হার ৩০%।
ক. কোম্পানি কোন মূলধনের ওপর সব সময় লভ্যাংশ দিতে বাধ্য থাকে না?
খ. সাধারণ শেয়ার মূলধন ব্যয় কী? ব্যাখ্যা কর।
গ. রেইনবো কোম্পানির মূলধন ব্যয় নির্ণয় কর।
ঘ. রেইনবো কোম্পানি যদি উক্ত তহবিল সিটি ব্যাংক থেকে ১৬% সুদে ঋণ নিতে পারত সেক্ষেত্রে অগ্রাধিকার শেয়ার ইস্যু করাটা কতটা যুক্তিসংগত হত তা মূল্যায়ন কর।

## অধ্যায়-১০ম (বাণিজ্যিক ব্যাংক ও তার পরিচিতি)

১। স্কুলশিক্ষিকা জনাব শায়লা শবনম বর্তমান সামাজিক অবস্থার কথা চিন্তা করে তার গহনাসমূহ ও মূল্যবান দলিলপত্র নিয়ে একটি আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ কামনা করেন। সেখানে তাকে যে পরামর্শ দেয়া হয় তা তিনি গ্রহণ করেন। তিনি জমি ক্রয়ের জন্য নগদ অর্থ নিয়ে সাভার যাওয়ার পথে ছিনতাইয়ের শিকার হন।
ক. ঋণগ্রহীতাকে ব্যাংকের সাথে ঋণগ্রহণের সময় কী খুলতে হয়?
খ. সংরক্ষিত তহবিল কী? বর্ণনা কর।
গ. শায়লা শবনম তার মূল্যবান দলিলপত্র ও গহনার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করবেন? ব্যাখ্যা কর।
ঘ. এই ধরনের দুর্ঘটনা এড়াতে আর্থিক প্রতিষ্ঠান কী ভূমিকা রাখতে পারে? আলোচনা কর।

২। জনাব হাসান একজন আমদানিকারক। তিনি তাঁর এলাকায় 'মেঘলা' ব্যাংকের সহায়তায় সহজেই ব্যবসায়িক কার্য পরিচালনা করেন। দেশের বিভিন্ন অঞ্চলে এ ব্যাংকের শাখা রয়েছে। যেখানে প্রচুর লোক কর্মরত। ব্যাংকটি জনাব হাসানের মত ব্যবসায়ীদের প্রতিনিধি হিসেবে বিভিন্নভাবে সহায়তা প্রদান করে।
ক. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কী?
খ. আন্তর্জাতিক বাণিজ্যে আমদানিকারকদের পক্ষে ব্যাংক কী ইস্যু করে? ব্যাখ্যা কর।
গ. 'মেঘলা ব্যাংক' জনাব হাসানকে কোন ধরনের সহায়তা প্রদান করে? বর্ণনা কর।
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে 'মেঘলা ব্যাংক' এর শাখাগুলোর ভূমিকা মূল্যায়ন কর।

৩। রাহেলা একজন ব্যাংক কর্মকর্তা। তিনি ব্যাংকটির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে জেনে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করছেন। রাহেলা দেখতে পেলেন যে, ব্যাংকটি বিভিন্ন ধরনের সেবা ও জনকল্যাণমূলক কাজ করলেও মুনাফা অর্জনকেই মৌলিক উদ্দেশ্য হিসেবে গণ্য করে। সামাজিক, অর্থনৈতিক ও অন্যান্য উন্নয়নমূলক কাজ এখানে গৌণ। অর্থের আদান-প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে রাহেলার ব্যাংকটি সফলতা লাভ করেছেন।
ক. ব্যাংক বলতে আমরা কোন ব্যাংককে বুঝি?
খ. বাণিজ্যিক ব্যাংককে আর্থিক প্রতিষ্ঠান বলা হয় কেন? ব্যাখ্যা কর।
গ. রাহেলার ব্যাংকটি যেসব উদ্দেশ্য অর্জনে কাজ করছে সেগুলো বর্ণনা কর।
ঘ. রাহেলার দৃষ্টিতে "মুনাফা অর্জনই বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য।" বিশ্লেষণ কর।

৪। ঢাকা ব্যাংক একটি বাণিজ্যিক ব্যাংক। মুনাফা অর্জন করেও যে জনকল্যাণ করা যায় তা ঢাকা ব্যাংকের কার্যক্রম দেখলে বোঝা যায়। এ ব্যাংকটি জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করে এবং জনগণের প্রয়োজনেই আবার ঋণ দেয়। কিন্তু এ ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণ করে না।
ক. বাণিজ্যিক ব্যাংক কাকে বলে?
খ. ব্যাংক কীভাবে আয় করে? ব্যাখ্যা কর।
গ. জনগণকে অর্থ সঞ্চয়ে কীভাবে ঢাকা ব্যাংক উৎসাহিত করে থাকে তা বর্ণনা কর।
ঘ.ঢাকা ব্যাংক 'মুনাফা অর্জনের মাধ্যমে জনকল্যাণ করে থাকে'। উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর

## অধ্যায়-১১শ (ব্যাংকের আমানত)

১। জনাব আরিফ ঢাকার একজন ব্যবসায়ী। "জাবেদ ব্যাংক"– এ তার একটি হিসাব রয়েছে। যা থেকে তিনি যতবার ইচ্ছা টাকা তুলতে পারেন। তিনি একবার বেড়াতে চট্টগ্রাম যান। তখন হঠাৎ বেশ সস্তায় ব্যবসায়িক পণ্য পান। ঐ ব্যাংকের কল্যাণে তিনি তা সময়মতো কিনতে সমর্থ হন। বাংলাদেশের যে কোনো জেলায় তাদের শাখা রয়েছে। তবে কোনো কার্ডের ব্যবস্থা নেই।
ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী?
খ. ব্যাংকে বিভিন্ন প্রকারের হিসাব খোলার ব্যবস্থা রাখা হয় কেন? ব্যাখ্যা কর।
গ. 'জাবেদ ব্যাংক'–এ জনাব আরিফের কোন ধরনের হিসাব রয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. ব্যাংকের একটি সেবা আরিফের মতো ব্যবসায়ীদের কাজকে সহজ করে দেয়– উক্তিটি মূল্যায়ন কর।
২। মিরপুরের মোহিদুল ইসলাম একজন যুক্তরাষ্ট্র প্রবাসী। তিনি ব্যাংকের মাধ্যমে দেশে টাকা পাঠানো অধিক নিরাপদ মনে করেন। তাই তিনি তার বন্ধুর সাথে আলোচনা করে সোনালী ব্যাংকের ওয়েজ আর্নার্স শাখায় যোগাযোগ করে নিয়মিত টাকা জমা রাখছেন। তবে কিছু টাকা একত্র করে নির্দিষ্ট সময়ের জন্য অধিক লাভজনক খাতে ব্যাংকে রেখে দেয়ারও চিন্তাভাবনা করছেন।
ক. এটিএম কত ঘণ্টা ব্যাংকিং সুবিধা দেয়?
খ. ব্যাংক হিসাব বলতে কী বোঝায়?
গ. মোহিদুল ইসলাম কোন ধরনের হিসাবে টাকা জমা করছেন? বর্ণনা কর।
ঘ.অধিক লাভজনক কোন খাতে মোহিদুল ইসলাম টাকা জমা রাখতে পারেন? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৩। মি. সানি ও মি. আশিক দু'জন বন্ধু। দু'জনই শহরে ভালো ব্যবসায় করেন। মি. সানি টাকা-পয়সা ব্যাংকে রাখেন। এ কারণে তিনি ব্যাংক হিসাবের মাধ্যমে অনেক সহজে টাকা আদান-প্রদান করতে পারছেন। এছাড়া ব্যাংক থেকে নানান সুবিধা পাওয়ায় তিনি সন্তুষ্ট। অন্যদিকে মি. আশিক টাকা-পয়সা নিজের কাছে রাখতেই স্বাচ্ছন্দ্যবোধ করেন। তবে ছিনতাই, সন্ত্রাস, চাঁদাবাজি বেড়ে যাওয়ায় মি. আশিক ভয় পাচ্ছেন। সম্প্রতি তিনি একটি ব্যাংক হিসাব খুলেছেন।
ক. আমানত কী?
খ. ডেবিট কার্ডের ব্যবহার লেখ।
গ. মি. আশিক কোন সুবিধা পাওয়ার জন্য ব্যাংক হিসাব খুলেছেন? বর্ণনা কর।
ঘ.ব্যাংকের সাথে লেনদেনে মি. সানি প্রধানত কী সুবিধা পাচ্ছেন? বিশ্লেষণ কর।

৪। সুহাশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। ব্যাংকে তার অনেক বন্ধুরই হিসাব রয়েছে। সেও ব্যাংকে হিসাব খুলতে চায়। সে ইলেকট্রনিক ব্যাংকিংয়ের সুবিধা পেতে আগ্রহী। জনাব সোহাগ একজন অবসরপ্রাপ্ত সরকারি চাকরিজীবী হিসেবে একত্রে বেশ কিছু টাকা পেয়েছেন। তিনিও ব্যাংকে হিসাব খুলতে সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু সুহাশের মতো ব্যাংকিং সেবা তার প্রয়োজন নেই। ব্যাংকের জন্য উভয়ই মূল্যবান।
ক. এটিএম কোন ধরনের পণ্য?
খ. হিসাব খুলতে পরিচয়করণের প্রয়োজন পড়ে কেন?
গ. সুহাশ ব্যাংকে কোন ধরনের হিসাব খুলবে? ব্যাখ্যা কর।
ঘ. জনাব সোহাগ স্থায়ী হিসাব খুললে লাভবান হবেন। উক্তিটি মূল্যায়ন কর।

## অধ্যায়-১২শ (ব্যাংক ও গ্রাহক)

১। মি. সুজয় একজন চাকরিজীবী। তিনি তাঁর ছেলেকে একটি চেক দিয়ে ব্যাংকে পাঠিয়ে ১০,০০০ টাকা উত্তোলন করেন। তিনি টাকাগুলো গুণে ৫০০ টাকার একটি নোট বেশি দেখতে পান। তখন মি. সুজয় ব্যাংকে গিয়ে ম্যানেজারের সাথে দেখা করে ৫০০ টাকা ফেরত দিয়ে আসেন।
ক. দেশের নোট ও মুদ্রা প্রচলনের ক্ষমতাপ্রাপ্ত একমাত্র প্রতিষ্ঠান কোনটি?
খ. চেকে দাগ কাটা হয় কেন? ব্যাখ্যা কর।
গ. মি. সুজয় তাঁর ছেলেকে কী ধরনের চেক দিয়েছেন? বর্ণনা কর।
ঘ. গ্রাহক হিসেবে ব্যাংকের প্রতি মি. সুজয়ের দায়িত্ব মূল্যায়ন কর।

২। ব্যাংকে হিসাব খুললে সুদ খেতে হবে এ ধারণায় বশবর্তী হয়ে আমির কোনোদিনও ব্যাংক হিসাব খুলেননি। বরং এলাকায় সমবায় সমিতিতে সদস্য হয়েছেন। অন্যদিকে তার ভাই হালিম এলাকায় স্বপ্নচূড়া ব্যাংকে হিসাব খুলে অর্থ লেনদেন করেন। মায়ের চিকিৎসার জন্য হঠাৎ অর্থের প্রয়োজন হলে আমির তাগাদা দিয়ে সমিতি হতে অর্থ না পেলেও হালিম সাথে সাথে নগদ অর্থ তুলে মায়ের চিকিৎসা করাতে পেরেছেন।
ক. দলিলপত্র সংরক্ষণে ব্যাংকের কোন দায়িত্ব প্রকাশ পায়?
খ. ঋণ প্রদানের ফলে ব্যাংকের সাথে গ্রাহকের সৃষ্ট সম্পর্কটি ব্যাখ্যা কর।
গ. হালিম সাথে সাথে অর্থ উত্তোলন করতে পেরেছেন কেন? বর্ণনা কর।
ঘ. আমির ও হালিমের অর্থ জমা রাখার মাধ্যম দুটির মধ্যে কোনটি ভালো? মতামত দাও।

৩। জনাব মহসিন একজন পুস্তক ব্যবসায়ী। তিনি প্রতিদিনই ব্যাংকের সাথে লেনদেন করে থাকেন। মহসিন এক লক্ষ টাকার একটি বাহক চেক লিখে ব্যবসায়ী ক্লায়েন্ট মিজানকে প্রদান করলে ব্যাংক তা প্রত্যাখ্যান করে। তারপর মহসিন দ্বিতীয় আরেকটি চেক প্রস্তুত করে মিজানকে দিলে ব্যাংক উক্ত অর্থ পরিশোধ করে দেয়।
ক. সবচেয়ে নিরাপদ চেক কোনটি?
খ. গ্রাহক চেক প্রস্তুতে কীভাবে সতর্কতা অবলম্বন করবে ব্যাখ্যা কর।
গ. জনাব মহসিনের দেয়া চেক ব্যাংক প্রত্যাখ্যান করেন কেন? বর্ণনা কর।
ঘ. জনাব মহসিনের দ্বিতীয় চেকটির ক্ষেত্রে চাহিবামাত্র অর্থ ফেরত দিতে ব্যাংক বাধ্য থাকার কারণ বিশ্লেষণ কর।

৪। সুমন হোসেন ন্যাশনাল ব্যাংকের একজন ভিআইপি মর্যাদার গ্রাহক। এজন্য তিনি তার বৈদেশিক বাণিজ্যের যাবতীয় কাজ ও দেনা পরিশোধ, পাওনা আদায় ইত্যাদি শুধুমাত্র এ ব্যাংকের মাধ্যমেই করে থাকেন। তবে সম্প্রতি ন্যাশনাল ব্যাংকটি সুমন হোসেনের সাথে সম্পর্কের পরিসমাপ্তি করেছে। কারণ বেশ কয়েকটি মিডিয়ায় তার বিরুদ্ধে বিদেশি অবৈধ পণ্য আনার অভিযোগ তুলেছে এবং এ ব্যাপারে সরকার মামলার প্রস্তুতিও নিচ্ছে।
ক. কিসের মাধ্যমে ব্যাংক ও গ্রাহকের চুক্তিবদ্ধ সম্পর্ক সৃষ্টি হয়?
খ. দেউলিয়া বলতে কী বোঝ?
গ. বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে ন্যাশনাল ব্যাংকের সাথে সুমন হোসেনের সম্পর্কটি কী ছিল? বর্ণনা কর।
ঘ. ব্যাংকের সাথে সুমন হোসেনের সম্পর্কের পরিসমাপ্তির কারণটি বিশ্লেষণ কর।

## অধ্যায়-১৩শ (কেন্দ্রীয় ব্যাংক)

১। 'খ' ব্যাংকে কর্মরত জনাব করিম সাহেব ঈদের জন্য ব্যাংক থেকে নতুন টাকার নোট তুলে আনলে তার ৭ বছরের কন্যা সব টাকার নোটের উপর 'ক' ব্যাংকের নাম লেখা কেন তা জানতে চায়।
ক. কেন্দ্রীয় ব্যাংক কোন ব্যাংকের কার্যাবলি নিয়ন্ত্রণ করে?
খ. বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ হিসাবে কী জমা রাখে? ব্যাখ্যা কর।
গ. 'ক' ব্যাংক কী ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর।
ঘ. 'খ' ব্যাংকের তারল্য সংকটে 'ক' ব্যাংক কী ভূমিকা রাখবে? আলোচনা কর।

২। বিদেশ ফেরত মি. সুজিত তাঁর সঞ্চিত অর্থ বিনিয়োগ করার উদ্দেশ্যে চট্টগ্রামের একটি বড় ব্যাংকে গিয়ে একজন কর্মকর্তার পরামর্শ চাইলেন। কিন্তু কর্মকর্তা তাঁকে জানালেন, উক্ত ব্যাংক দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সরকারকে পরামর্শ দিয়ে থাকে। তিনি মি. সুজিতকে পার্শ্ববর্তী সাঙ্গু ব্যাংকে যোগাযোগ করে তাঁর জন্য উপযোগী ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেন।
ক. ব্যাংকিং কী?

খ. দ্রব্যের পরিবর্তে দ্রব্যের আদান-প্রদানকে কী বলে? ব্যাখ্যা কর।
গ. মি. সুজিত কোন ধরনের ব্যাংকে গিয়েছিলেন? বর্ণনা কর।
ঘ. মি. সুজিতের জন্য ব্যাংক কর্মকর্তার পরামর্শ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর।

৩। প্রগতি ব্যাংক দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে দেশের অভ্যন্তরে অন্যান্য ব্যাংকের গঠনে, জমা ও ঋণ আদায়, নিকাশ এবং হিসাব নিরীক্ষায় সহায়তা করে। বিপদের সময় ব্যাংকগুলোকে পরামর্শও দেয়। কিন্তু গত বছর বিপদের সময় শিশির কো-অপারেটিভ ব্যাংককে এ ধরনের সহায়তা দেয়নি।
ক. কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি কয় প্রকার?
খ. বাংলাদেশ ব্যাংককে জনকল্যাণমূলক প্রতিষ্ঠান বলা হয় কেন?
গ. শিশির কো-অপারেটিভ ব্যাংককে প্রগতি ব্যাংক সহায়তা না করার কারণ বর্ণনা কর।
ঘ. প্রগতি ব্যাংকের কোন ভূমিকার কথা উদ্দীপকে বলা হয়েছে? মূল্যায়ন কর।

৪। নবম শ্রেণির ছাত্র আশিকুর তার ব্যাংকার ভাই নিয়াজকে প্রশ্ন করল ভাইয়া, আমরা লেনদেনের জন্য যে মুদ্রা ব্যবহার করি তা কে সরবরাহ করে? নিয়াজ বলল মুদ্রা প্রচলন করার দায়িত্ব একটি বিশেষ প্রতিষ্ঠানের। এ প্রতিষ্ঠানটি সম্পূর্ণভাবে নিরপেক্ষ থাকে। প্রয়োজনে সরকারকেও ঋণ প্রদান করে। শুধু তাই নয় প্রতিষ্ঠানটি সরকারের আর্থিক নীতি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
ক. বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালকের সংখ্যা কত?
খ. বিধিবদ্ধ রিজার্ভ বলতে কী বোঝ?
গ. নিয়াজ কোন ধরনের প্রতিষ্ঠানের কথা বলেছে তার বৈশিষ্ট্য বর্ণনা কর।
ঘ. উদ্দীপকে উক্ত প্রতিষ্ঠানটি সরকারের পক্ষে যেসব কাজ করে তা বিশ্লেষণ কর।